

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪৯] পর্ব-১৮: ভয়কালীন সালাত (کتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيّ، قال: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ، عَنْ سُفْيَانَ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قال: كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِنَخْلِ وَالْعَدُوُّ بَيْنَنَا وَبَيْنَ الْقِبْلَةِ فَكَبَّرُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَبَّرُوا جَمِيعًا ثُمَّ رَكَعَ فَرَكَعُوا جَمِيعًا، ثُمَّ سَجَدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالصَّفُّ الَّذِي يَلِيهِ وَالْآخِرُونَ قِيَامٌ يَحْرُسُونَهُمْ، فَلَمَّا قَامُوا سَجَدَ الْآخِرُونَ مَكَانَهُمُ الَّذِي كَانُوا فِيهِ، ثُمَّ تَقَدَّمَ هَوُّلَاءِ إِلَى مَصَافِّ هَوُّلَاءِ فَرَكَعَ فَرَكَعُوا جَمِيعًا، ثُمَّ رَفَعَ مَكَانَهُمُ الَّذِي كَانُوا فِيهِ، ثُمَّ تَقَدَّمَ هَوُّلَاءِ إِلَى مَصَافِّ هَوُّلَاءِ فَرَكَعَ فَرَكَعُوا جَمِيعًا، ثُمَّ رَفَعَ فَرَكَعُوا جَمِيعًا ثُمَّ سَجَدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالصَّفُّ الَّذِينَ يَلُونَهُ وَالْآخِرُونَ قِيَامٌ يَحْرُسُونَهُمْ، فَلَمَّا سَجَدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالصَّفُ الَّذِينَ يَلُونَهُ وَالْآخِرُونَ قِيَامٌ يَحْرُسُونَهُمْ، فَلَمَّا سَجَدُوا وَجَلَسُوا سَجَدُ الْآخَرُونَ مَكَانَهُمْ ثُمَّ سَلَّمَ ، قَالَ جَابِرُ: كَمَا يَفْعَلُ أُمْرَاؤُكُمْ.

تخريج دارالدعوه: وقد أخرجم: صحيح مسلم/المسافرين ۵۷ (۸۳۰)، تفرد بم النسائي، (تحفة الأشراف: ۲۷۵۹) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1549 _ صحيح

বাংলা

১৫৪৮. 'আমর ইবনু 'আলী (রহ.) জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা একবার রস্লুল্লাহ (সা.) - এর সাথে 'নাখল' নামক স্থানে ছিলাম। আর শক্র বাহিনী আমাদের এবং কিবলার মধ্যবর্তী স্থানে ছিল। রস্লুল্লাহ (সা.) তাকবীর বললেন আর সকলে তাকবীর বলল, অতঃপর তিনি রুকু করলেন এবং সকলে রুকু করল। অতঃপর নবী (সা.) সাজদাহ করলেন এবং তার কাছে যারা ছিল তারাও সাজদাহ করল। আর অন্যদল দাড়িয়ে তাঁদের পাহারা দিচ্ছিল। যখন তারা দাঁড়িয়ে গেল অন্য দল তাদের ঐ স্থানেই সাজদাহ করল যেখানে তাঁরা ছিল। অতঃপর এরা তাঁদের কাতারবন্দী স্থানে সামনে অগ্রসর হলো। আর তিনি রুকু' করলেন এবং সবাই রুকু করল। তিনি মাথা তুললেন তো সবাই মাথা তুলল। অতঃপর নবী (সা.) সাজদাহ করলেন এবং ঐ কাতারও সাজদাহ



করল যারা তাঁর কাছে ছিল। আর অন্যদল তাঁদের পাহারা দিচ্ছিল। যখন এরা সাজদাহ্ করল ও বসে গেল তখন অন্য দল তাদের জায়গায় সাজদাহ করে নিল। অতঃপর তিনি সালাম ফিরালেন। জাবির বলেন, যেরূপ তোমাদের আমীরগণ করে থাকে।

English

It was narrated that Jabir said: We were with the Prophet (ﷺ) in a palm grove and the enemy was between us and the Qiblah. The Messenger of Allah (ﷺ) said the takbir and we all said the takbir. Then he bowed and we all bowed. Then the Prophet (ﷺ) and the row that was closest to him prostrated, while the others remained standing, guarding us. When we stood up, the others prostrated where we were, then they moved forward and he bowed and they all bowed, then he stood up and they all stood up. Then the Prophet (ﷺ) and the row that was closest to him prostrated, and the others remained standing, guarding them. When they had prostrated and were sitting, the others prostrated where they were, then he said the salam. Jabir said: As your leaders do.

ফুটনোট

সহীহ: মুসলিম ৮৪০, ইবনু মাজাহ ১২৬০, সহীহ ইবনু খুযায়মাহ ১৩৫০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন